দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 MAR 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ছয় নতুন বিভাগ চালু

**নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৪ মার্চ ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৮৩তম সভা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে দুপুরে অনুষ্ঠিত এ সভায় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ সভাপ্রতিত্ব করেন। কলেজ পর্যায়ে ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, থিয়েটার এ্যান্ড মিডিয়া স্টাডিজ, মিউজিক, এ্যারোনটিক্যাল এ্যান্ড এভিয়েশন সায়েন্স এবং এভিয়েশন ম্যানেজমেন্ট এ ৫টি বিষয়ে অনার্স এবং থিয়েটার স্টাডিজে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমাসহ ৬টি নতুন বিভাগ চালু ও এতদ্‌সংক্রান্ত রেগুলেশনস ও সিলেবাস একাডেমিক কাউন্সিল অনুমোদন করে।